রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৬, ২০১৯

## ৩য় খণ্ড

### প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১০ ভাদ্র ১৪২৬/২৫ আগস্ট ২০১৯

**নং ২৩.০০.০০০০.০৬০.১৩.০৯.১৯.৫৮০**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে নৌ বিধি ১২এ(১)(এ) অনুযায়ী বর্তমান পদবির জন্য নির্ধারিত বয়সসীমা অতিক্রমের পর তাঁদের নামের পাশে বর্ণিত তারিখ হতে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর মঞ্জুর করা হল :

| ক্রমিক | কর্মকর্তার পদবী, নাম ও পি নং | অবসর গমনের তারিখ | এলপিআর গমনের তারিখ |
|---|---|---|---|
| ১ | কমডোর ইয়াহ্ইয়া সৈয়দ, (সি), বিসিজিএমএস, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন (পি নং ৩৮৫)। | বিকাল<br>০৮ অক্টোবর ২০১৯ | সকাল<br>০৯ অক্টোবর ২০১৯ |
| ২ | কমান্ডার মোঃ মনসুর রহমান, (এস), বিএন (পি নং ৭১০)। | বিকাল<br>১৬ অক্টোবর ২০১৯ | সকাল<br>১৭ অক্টোবর ২০১৯ |

২। তাঁদের আবেদন এবং জেএসআই **১**/২০১৬ মোতাবেক উল্লিখিত কর্মকর্তাগণ প্রত্যেকেই **১২** মাস এলপিআর ভোগ করবেন।

৩। তাঁরা বিধিমতে অবসর ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। তাঁদের নিকট সরকারি কোনো পাওনা থাকলে তা পেনশন নিষ্পত্তির সময় সমন্বয় করতে হবে।

**নং ২৩.০০.০০০০.০৬০.১৩.০৯.১৯.৫৮১**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাকে নৌ বিধি ১২এ(১)(এ) অনুযায়ী বর্তমান পদবির জন্য নির্ধারিত বয়সসীমা ও বর্ধিত চাকরির মেয়াদ অতিক্রমের পর তাঁর নামের পাশে বর্ণিত তারিখ হতে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর মঞ্জুর করা হল :

| ক্রমিক | কর্মকর্তার পদবি, নাম ও পি নং | অবসর গমনের তারিখ | এলপিআর গমনের তারিখ |
|---|---|---|---|
| ১ | ইঃ কমান্ডার মোঃ সাজেদুল করিম, (ট্যাজ), বিএন (পি নং ১২৩৩)। | বিকাল<br>১৫ সেপ্টেম্বর ২০১৯ | সকাল<br>১৬ সেপ্টেম্বর ২০১৯ |

২। তাঁর আবেদন এবং জেএসআই **১**/২০১৬ মোতাবেক উল্লিখিত কর্মকর্তা **১২** মাস এলপিআর ভোগ করবেন।

৩। তিনি বিধিমতে অবসর ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। তাঁর নিকট সরকারি কোনো পাওনা থাকলে তা পেনশন নিষ্পত্তির সময় সমন্বয় করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহ্ আবদুল আলীম খান**
যুগ্মসচিব।

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৫ ফাল্গুন ১৪২৫/১৭ ফেব্রুয়ারি ২০১৯

**নং ২৩.০০.০০০০.০১০.১১.০০৩.১৭-৭৫**—আদিষ্ট হয়ে বাংলাদেশ সেনাবাহিনীর নিম্নসংগঠনের অধীন বিভিন্ন প্রতিষ্ঠান/দপ্তরে কর্মরত নিম্নবর্ণিত ছকে উল্লিখিত **১ম** শ্রেণির ২ (দুই) জন বেসামরিক কর্মচারীর ২ (দুই) বৎসর অবেক্ষাধীনকাল এবং তাঁদের চাকুরী সন্তোষজনকভাবে সম্পন্ন হওয়ায় উক্ত ছকের ষষ্ঠ কলামে বর্ণিত তারিখ থেকে তাঁদেরকে নিশ্চয়করণ (Confirm) করা হলো :

| ক্রমিক নম্বর | ব্যক্তিগত নম্বর, নাম ও পদবি | নিয়োগের তারিখ | চাকরিতে যোগদানের তারিখ | অবেক্ষাধীনকাল সমাপ্তির তারিখ | চাকরি স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | সিএস-০০০৩৬<br>সহকারী পরিদর্শক গ্রেড-২<br>এএসএম নিয়াজ মাহমুদ | ২৬ জুন ২০১৬ | ৩০ জুন ২০১৬ | ২৯ জুন ২০১৮ | ৩০ জুন ২০১৬ |
| ২ | সিএস-০০০৩৭<br>সহকারী পরিদর্শক গ্রেড-২<br>মোঃ নাজমুল হাসান | ২৬ জুন ২০১৬ | ১৪ জুলাই ২০১৬ | ১৩ জুলাই ২০১৮ | ১৪ জুলাই ২০১৬ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সালাহউদ্দিন**
উপসচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৬/০৬ আগস্ট ২০১৯

**নং ২৩.০০.০০০০.১৪০.১৯.৮৫.১৬-২০৯**—সৌদি আরবের রিয়াদে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের প্রতিরক্ষা অ্যাটাচী বিএ-২৫০৪ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ শাহ্ আলম চৌধুরী, এসজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি'র বর্ধিত চাকরির মেয়াদ আগামী ২১ আগস্ট ২০১৯ তারিখে শেষ হবে। এ পরিপ্রেক্ষিতে তাঁকে স্বদেশ প্রত্যাবর্তনপূর্বক তদস্থলে প্রতিস্থাপক হিসাবে বিএ-৩৩৩৫ ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ সাঈদ সিদ্দিকী, বিএসপি, এডব্লিউসি, পিএসসিকে প্রতিরক্ষা অ্যাটাচী হিসাবে নিম্নলিখিত শর্তে নির্দেশক্রমে নিয়োগ প্রদান করা হল :

(ক) তিনি উক্ত পদে নিয়োজিত থাকাকালীন মিনিস্টার পদের কূটনৈতিক পদমর্যাদা ভোগ করবেন ;

(খ) তিনি বেতন-ভাতাদি, বৈদেশিক ভাতা, যাতায়াত ভাতা, চিকিৎসা সুবিধা, বাসস্থান, ব্যক্তিগত মালামাল পরিবহন এবং আনুষঙ্গিক খরচ প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্য হবেন ;

(গ) এ নিয়োগ সংক্রান্ত ব্যয় ডিজিএফআই-এর ২০১৯-২০২০ অর্থ বছরের বাজেটের "প্রতিষ্ঠান কোড-১১৯-প্রতিরক্ষা মন্ত্রণালয়, ১১৯০৯-আন্তঃবাহিনীসমূহ পরিচালন এবং ১১৯০৯১১০০০০০০-প্রতিরক্ষা অ্যাটাচী খাত" থেকে নির্বাহ করা হবে;

(ঘ) আউটফিট ও বদলি মঞ্জুরি বাংলাদেশ সেনাবাহিনীর চলতি বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করা হবে;

(ঙ) প্রতিরক্ষা অ্যাটাচী হিসেবে নিয়োজিত থাকাকালে তাঁর চাকরি বাংলাদেশ সেনা বাহিনীতে বহাল থাকবে;

(চ) কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে কোনরূপ অগ্রিম অর্থ গ্রহণ করা হলে তা ভ্রমণ শেষে বিলের মাধ্যমে সমন্বয় করতে হবে;

(ছ) বিএ-৩৩৩৫ ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ সাঈদ সিদ্দিকী, বিএসপি, এডব্লিউসি, পিএসসি, সপরিবারে (স্ত্রী-রোকসানা মাহবুব, পুত্র-মোঃ ইসফার সাঈদ ও কন্যা-তাসফিয়া সাঈদ এবং গৃহভৃত্য/গৃহপরিচারিকাসহ) সৌদি আরবের রিয়াদে গমন করতে পারবেন;

(জ) গৃহভৃত্য/গৃহপরিচারিকা সঙ্গে নেয়ার ব্যাপারে সংশ্লিষ্ট প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ০৪ ভাদ্র ১৪২৬/১৯ আগস্ট ২০১৯

নং **২৩.০০.০০০০.১৪০.১৯.১০৩.১৬-২১১**—মালয়েশিয়ার কুয়ালালামপুরস্থ বাংলাদেশ হাইকমিশনের প্রতিরক্ষা শাখায় জেসিও (করণিক) হিসাবে কর্মরত বিজেও-৬৬০৪৪ ওয়ারেন্ট অফিসার (করণিক) মোঃ তরিকুল ইসলাম, বীর-এর অবস্থানের মেয়াদ ২৫ মে ২০১৯ তারিখে শেষ হয়েছে। তাঁর স্থলে প্রতিস্থাপক হিসাবে বিজেও-৮৪১২০ ওয়ারেন্ট অফিসার (করণিক) এস এম ওয়াজেদ আলী, এসিসিকে নিম্নলিখিত শর্তে নির্দেশক্রমে নিয়োগ প্রদান করা হলো:

(ক) তিনি বেতন-ভাতাদি, বৈদেশিক ভাতা, চিকিৎসা সুবিধা, বাসস্থান, যাতায়াত এবং ব্যক্তিগত মালামাল পরিবহন ও আনুষঙ্গিক খরচ প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্য হবেন ;

(খ) এ বদলি সংক্রান্ত ব্যয় প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২০১৯-২০২০ অর্থ বৎসরের "প্রতিষ্ঠান কোড-১১৯ প্রতিরক্ষা মন্ত্রণালয়, ১১৯০৯ আন্তঃবাহিনীসমূহ পরিচালন এবং ১১৯০৯১১০০০০০০ প্রতিরক্ষা অ্যাটাচী খাত" থেকে নির্বাহ করা হবে;

(গ) আউটফিট ও বদলি মঞ্জুরি বাংলাদেশ সেনাবাহিনীর চলতি বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে প্রাপ্য হবেন;

(ঘ) বিদেশে চাকরিকালে বাংলাদেশ সেনাবাহিনীতে তাঁর চাকরিস্বত্ব বহাল থাকবে;

(ঙ) কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে কোনরূপ অগ্রিম গ্রহণ করলে ভ্রমণ শেষে বিলের মাধ্যমে সমন্বয় করতে হবে; এবং

(চ) বিজেও-৮৪১২০ ওয়ারেন্ট অফিসার (করণিক) এস এম ওয়াজেদ আলী, এসিসি সপরিবারে { স্ত্রী-মিসেস সাহিদা সুলতানা, পুত্র-আবু উবায়দা ও কন্যা-ওয়াজিহা আলী (আভা)}মালয়েশিয়ার কুয়ালালামপুর গমন করতে পারবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১০ ভাদ্র ১৪২৬/২৫ আগস্ট ২০১৯

নং **২৩.০০.০০০০.০৭০.৬৯.০১৪.১০-২৪৭**— প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ সমরাস্ত্র কারখানার সহকারী প্রকৌশলী, মুহাম্মদ শাহজাহান আলী (১০৬৬)-কে সরকারি কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪-এর ৪ ধারা অনুযায়ী ৩০ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে সরকারি কর্মচারী (অবসর) (সংশোধনী) আইন, ২০১০-এর ৩ ধারা অনুযায়ী ০১ অক্টোবর ২০১৯ খ্রি: হতে ৩০ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল.) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

তারিখ: ০৬ ভাদ্র ১৪২৬/২১ আগস্ট ২০১৯

নং **২৩.০০.০০০০.০৭০.১১.০২২.১৩-২৩৯**— প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি)-র মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) বিভাগে সহকারী অধ্যাপক পদে জনাব মোঃ খোরশেদুজ্জামান, পিতা: এ কে এম আফজাল হোসেন, মাতা: খাদিজা হোসেন, ২৬৫/বি, খিলগাঁও চৌধুরীপাড়া, ঢাকা-১২১৯-কে বিভাগীয় নিয়োগ কমিটির সুপারিশক্রমে সরকারি বিধি অনুযায়ী প্রাপ্য অন্যান্য ভাতাদি/সুবিধাদিসহ জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ৩৫৫০০-৬৭০১০ (৬ষ্ঠ গ্রেড) বেতনস্কেলে নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হয়;

**শর্তসমূহ :**

(ক) মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৫ ও সংশোধিত ২০১১-এর ৬(১)(ক) বিধি অনুযায়ী চাকরিতে যোগদানের তারিখ থেকে তিনি ২(দুই) বছর শিক্ষানবিস হিসাবে কর্মরত থাকবেন;

(খ) শিক্ষানবিসকাল শেষ হওয়ার পর সন্তোষজনক চাকরির রেকর্ডের ভিত্তিতে উল্লিখিত নিয়োগবিধির ৬ নম্বর বিধিতে বর্ণিত শর্তাদি পূরণসাপেক্ষে তাঁর চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে। প্রয়োজনবোধে এ শিক্ষানবিসকালের সময়সীমা আরও ২(দুই) বছর পর্যন্ত বর্ধিত করা যাবে;

(গ) শিক্ষানবিসকালে আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা নিয়োগকৃত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকরির অবসান (terminate) ঘটাতে পারবে;

(ঘ) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী বিধায় কোনো কারণ দর্শনো ব্যতিরেকে শিক্ষানবিসকালে অথবা চাকরি স্থায়ী হওয়ার পূর্ব পর্যন্ত যে কোনো সময়ে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করতে পারবে;

(ঙ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারি প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(চ) তিনি যদি কখনও চাকরিতে ইস্তফা দিতে চান তবে যে তারিখে ইস্তফা দেবেন সে তারিখের ৩০(ত্রিশ) দিন পূর্বে তাঁকে লিখিতভাবে কর্তৃপক্ষকে জানাতে হবে অথবা তাঁর ১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি খাতে যথাযথভাবে জমা দিতে হবে;

(ছ) আগামী ১২ সেপ্টেম্বর ২০১৯ তারিখের মধ্যে অফিসসময়ে তাঁকে কমান্ড্যান্ট, মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি), মিরপুর সেনানিবাস, ঢাকা বরাবর যোগদান করতে হবে। উপযুক্ত কারণ ব্যতিরেকে নির্ধারিত তারিখ ও সময়ে চাকরিতে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(জ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না;

(ঝ) এ আদেশ মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলোজি (এমআইএসটি)-র সাংগঠনিক কাঠামোভুক্ত ষষ্ঠ গ্রেডের সহকারী অধ্যাপক পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক এর ফটোকপি দাখিল করতে হবে।

নং **২৩.০০.০০০০.০৭০.১১.০২২.১৩-২৪০**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি)-র কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক পদে জনাব সোহেল আহমদ, পিতা: মোঃ আব্দুল খালেক, মাতা: নুরজাহান বেগম, ২১১, মধ্যনলজানী, ডাকঘর: চান্দনা, গাজীপুর সদর-গাজীপুরকে বিভাগীয় নিয়োগ কমিটির সুপারিশক্রমে সরকারি বিধি অনুযায়ী প্রাপ্য অন্যান্য ভাতাদি/সুবিধাদিসহ জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ৩৫৫০০-৬৭০১০ (৬ষ্ঠ গ্রেড) বেতনস্কেলে নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হয়:

**শর্তসমূহ :**

(ক) মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৫ ও সংশোধিত ২০১১-এর ৬(১)(ক) বিধি অনুযায়ী চাকরিতে যোগদানের তারিখ থেকে তিনি ২(দুই) বছর শিক্ষানবিস হিসাবে কর্মরত থাকবেন;

(খ) শিক্ষানবিসকাল শেষ হওয়ার পর সন্তোষজনক চাকরির রেকর্ডের ভিত্তিতে উল্লিখিত নিয়োগবিধি ৬ নম্বর বিধিতে বর্ণিত শর্তাদি পূরণসাপেক্ষে তাঁর চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে। প্রয়োজনবোধে এ শিক্ষানবিসকালের সময়সীমা আরও ২(দুই) বছর পর্যন্ত বর্ধিত করা যাবে;

(গ) শিক্ষানবিসকালে আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা নিয়োগকৃত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকরির অবসান (terminate) ঘটাতে পারবে;

(ঘ) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী বিধায় কোনো কারণ দর্শনো ব্যতিরেকে শিক্ষানবিসকালে অথবা চাকরি স্থায়ী হওয়ার পূর্ব পর্যন্ত যে কোনো সময়ে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করতে পারবে;

(ঙ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারি প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(চ) তিনি যদি কখনও চাকরিতে ইস্তফা দিতে চান তবে যে তারিখে ইস্তফা দেবেন সে তারিখের ৩০(ত্রিশ) দিন পূর্বে তাঁকে লিখিতভাবে কর্তৃপক্ষকে জানাতে হবে অথবা তাঁর ১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি খাতে যথাযথভাবে জমা দিতে হবে;

(ছ) আগামী ১২ সেপ্টেম্বর ২০১৯ তারিখের মধ্যে অফিসসময়ে তাঁকে কমান্ড্যান্ট, মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি), মিরপুর সেনানিবাস, ঢাকা বরাবর যোগদান করতে হবে। উপযুক্ত কারণ ব্যতিরেকে নির্ধারিত তারিখ ও সময়ে চাকরিতে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(জ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না;

(ঝ) এ আদেশ মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলোজি (এমআইএসটি)-র সাংগঠনিক কাঠামোভুক্ত ষষ্ঠ গ্রেডের সহকারী অধ্যাপক পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক এর ফটোকপি দাখিল করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারাহ শাম্মী**
উপসচিব।

**সংশোধিত প্রজ্ঞাপন**

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৬/২৫ জুলাই ২০১৯

নং **২৩.০০.০০০০.১৮০.১৩.০৮৩.১৯-৩৩৭**—সেনাসদরের পত্র নম্বর ২৩.০১.৯০১.০৫৭.০৭.২১২.০১.০৭.০৫.১৯/৫০৬৩, তারিখঃ ৭ মে ২০১৯-এর প্রস্তাব অনুযায়ী অকালীন (বাধ্যতামূলক) অবসর প্রদানের বিষয়ে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ৯ জুন ২০১৯ তারিখের ২৩.০০.০০০০.১৮০.১৩.০৮৩.১৯-২৪৯ সংখ্যক জারিকৃত প্রজ্ঞাপনে বিএ-৫০৬৩ লে. কর্নেল আবু শামস মোহাম্মদ শাহরিয়ার মাওলা, এএফডব্লিউসি, পিএসসি, পদাতিক এর নামের বানান নিম্নপরূপভাবে সংশোধন করা হলোঃ

**জন্য :**

বিকএ-৫০৬৩ লে. কর্নেল আবু শামস মোহাম্মদ শাহরিয়ার **মাওলা,** এএফডব্লিউসি, পিএসসি, পদাতিক

**পড়ুন :**

বিএ-৫০৬৩ লে. কর্নেল আবু শামস মোহাম্মদ শাহরিয়ার **মওলা,** এএফডব্লিউসি, পিএসসি, পদাতিক

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ওয়াহিদা সুলতানা**
উপসচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৬/২৮ জুলাই ২০১৯

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৮২.১৯-৩৪০**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৫৩৩৮ মেজর কাজী মোঃ জহুরুল ইসলাম, এএসসি-কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট রুলস্ ১২(১), আর্মি রেগুলেশন্স (রুল্স্) ৭৮(সি), ২৫৩সি(ii), ২৬১, সংশোধিত আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৬২(৪), আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স)১৬৮(বি) এবং কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন-১৯৮১-এর রুল ৯(কে) অনুযায়ী সেনাবাহিনীর চাকরি থেকে অকালীন (বাধ্যতামূলক) অবসর প্রদান করা হলো।

২। উল্লেখ্য, কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন ১৯৮১-এর রুল ৫(বি) অনুসারে তিনি ৫০% পেনশন প্রাপ্য হবেন এবং অবশিষ্ট ৫০% পেনশনের মধ্যে তাঁর স্ত্রী (তাহেরা আক্তার জলি) ২০%, তাঁর প্রথম সন্তান (রাফিয়া তাবাসসুম ঈদীথা) ১৫% তাঁর দ্বিতীয় সন্তান (কাজী জাওয়াদ রায়েম ইশতি) ১৫% পেনশন প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৬৮.১৭.৩৪১**—বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট রুলস্ ১২(১), আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮ ডি, ২৬১, সংশোধিত আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৬২-এর ১(এ), ৩(এ) এবং এস. আর. ও. নম্বর ৩২৯/আইন/২০১৩, তারিখঃ ২০ অক্টোবর ২০১৩-এর ক্লজ ১(এ) এবং কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন ১৯৮১-এর রুল ১০(জি) অনুযায়ী বিএ-৫৩২৩ মেজর কাজী হাফিজুর রহমান, পদাতিককে চাকরিসীমা শেষে (বয়সসীমা অতিক্রমণের পূর্বে) সেনাবাহিনীর চাকরি থেকে স্বেচ্ছায় স্বাভাবিক অবসর প্রদান করা হল ।

২। প্রচলিত বিধি অনুযায়ী তিনি অবসর সংক্রান্ত প্রাপ্য আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৮৩.১৯-৩৪২**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৫৬১০ লে. কর্নেল মোহাম্মদ আলী, পিএসসি, সিগন্যাল-কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট রুলস্ ১২(১), আর্মি রেগুলেশন্স (রুল্স্) ৭৮(সি), ২৫৩সি(ii), ২৬১, সংশোধিত আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৬২(৪), আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স)১৬৮(বি) এবং কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন-১৯৮১-এর রুল ৯(কে) অনুযায়ী সেনাবাহিনীর চাকরি থেকে অকালীন (বাধ্যতামূলক) অবসর প্রদান করা হলো।

২। উল্লেখ্য, কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন ১৯৮১-এর রুল ৫(বি) অনুসারে তিনি ৫০% পেনশন প্রাপ্য হবেন এবং অবশিষ্ট ৫০% পেনশনের মধ্যে তাঁর প্রথম স্ত্রী (আফরোজা হোসেন নিপা) ১৫%, তাঁর সন্তান (আসওয়াদ আলী নোয়াফ) ৩৫% পেনশন প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ০৩ ভাদ্র ১৪২৬/১৮ আগস্ট ২০১৯

**নং ২৩.০০.০০০০.১৮০.৩৬.০৭৬.১৯-৩৫৫**—প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে ২০ মে ২০১৯ তারিখে জারীকৃত স্বাভাবিক অবসর সংক্রান্ত প্রজ্ঞাপন নম্বর ২৩.০০.০০০০.১৮০.১৩.০৭৮.১৯-২১৭-এর ক্রমিক নম্বর ১৮-এ অবস্থিত বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-১০০৫২৬ কর্নেল মোঃ ফরিদুল ইসলাম, এফসিপিএস-এর অবসরসংক্রান্ত অংশটুকু বাতিলপূর্বক বাংলাদেশ আর্মি রেগুলেশন্স (রুল্স্) ২৫৫ এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৭ অনুযায়ী জনস্বার্থে তাঁর চাকরির মেয়াদ ২৪ আগস্ট ২০১৯ তারিখ (অপরাহ্ণ) থেকে ২৩ আগস্ট ২০২০ তারিখ (অপরাহ্ণ) পর্যন্ত ১ (এক) বছর বর্ধিত করা হলো।

২। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২০ মে ২০১৯ তারিখের প্রজ্ঞাপন নম্বর ২৩.০০.০০০০.১৮০.১৩.০৭৮.১৯-২১৭-এ উল্লিখিত অন্যান্য অফিসারদের স্বাভাবিক অবসর সংক্রান্ত অংশ যথারীতি বহাল থাকবে।

**নং ২৩.০০.০০০০.১৮০.৩৬.০৭৬.১৯-৩৫৬**—বাংলাদেশ আর্মি রেগুলেশন্স (রুল্স্) ২৫৫ এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৭ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৩৫৩৯ লে. কর্নেল মোঃ শাফী উল্লাহ বুলবুল, বিজিবিএমএস, পিবিজিএমএস, পদাতিক-এর চাকরি জনস্বার্থে ৩০ ডিসেম্বর ২০১৯ তারিখ (অপরাহ্ণ) থেকে ২৯ ডিসেম্বর ২০২০ তারিখ (অপরাহ্ণ) পর্যন্ত ১ (এক) বছর বর্ধিত করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

তারিখ: ১০ ভাদ্র ১৪২৬/২৫ আগস্ট ২০১৯

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৭৫.১৮-৩৬৩**—বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট রুলস্ ১২(১), আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(ডি), ২৬১, সংশোধিত আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৬২-এর ১(এ), ৩(এ) এবং এস. আর. ও নম্বর ৩২৯/আইন/২০১৩, তারিখ: ২০ অক্টোবর ২০১৩ অনুযায়ী বিএ-৪৩৫০ মেজর এ কে এম শাকিল নেওয়াজ, পদাতিক-কে চাকরিসীমা শেষে (বয়সসীমা অতিক্রমণের পূর্বে) সেনাবাহিনীর চাকরি থেকে স্বেচ্ছায় স্বাভাবিক অবসর প্রদান করা হল ।

২। প্রচলিত বিধি অনুযায়ী কর্মকর্তা অবসর সংক্রান্ত প্রাপ্য আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৮২.১৯-৩৬৬**—বাংলাদেশ সেনাবাহিনীর নিম্নবর্ণিত ২(দুই) জন কর্মকর্তাকে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট রুলস্ ১২(১), আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩সি(ii), ২৬১, সংশোধিত আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৬২(৪), আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স)১৬৮(বি) এবং কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন-১৯৮১-এর রুল ৯(কে) অনুযায়ী সেনাবাহিনীর চাকরি থেকে অকালীন (বাধ্যতামূলক) অবসর প্রদান করা হলো:

ক) বিএসএস-১০১৪০৬ মেজর গুল-এ-জান্নাত, এএমসি

খ) বিএসএস-১০১৭৮০ ক্যাপ্টেন মোঃ দানিয়াল রাব্বি, এএমসি

২। উল্লেখ্য, কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন ১৯৮১-এর রুল ৫(বি) অনুসারে বাংলাদেশ সেনাবাহিনীর বিএসএস-১০১৪০৬ মেজর গুল-এ-জান্নাত, এএমসি ৫০% পেনশন প্রাপ্য হবেন ও অবশিষ্ট ৫০% পেনশনের মধ্যে তাঁর প্রথম সন্তান (আবু সাঈদ ইলমান) ১৫%, তাঁর দ্বিতীয় সন্তান (মালিয়া জান্নাত) ১৫% ও তাঁর তৃতীয় সন্তান (আবু উবায়দাহ আইমান) ২০% এবং বিএসএস-১০১৭৮০ ক্যাপ্টেন মোঃ দানিয়াল রাব্বি, এএমসি ৫০% পেনশন প্রাপ্য হবেন ও অবশিষ্ট ৫০% পেনশন তাঁর সন্তান (মোঃ আব্দুল্লাহ বিন দানিয়াল) প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **২৩.০০.০০০০.১৮০.১১.১৫৪.২০১৫.৩৭৩**—'প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের বেসামরিক গোয়েন্দা কর্মকর্তা এবং কর্মচারী (গোয়েন্দা ও নিরাপত্তা) নিয়োগ বিধিমালা, ২০১৬'-এর অনুচ্ছেদ ৬(৩)(ক) এবং ৬(৪) অনুসারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে নিয়োজিত নিম্নবর্ণিত সহকারী পরিচালক-কে তাঁর নামের পাশে উল্লিখিত তারিখ (৪ নম্বর কলামে বর্ণিত) থেকে সহকারী পরিচালক পদে চাকরিতে স্থায়ী করা হলো :

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ক্রমিক নম্বর | নাম, পদবি ও পরিচিতি নম্বর | পদোন্নতি প্রাপ্ত পদ ও উক্ত পদে যোগদানের তারিখ | সহকারী পরিচালক পদে চাকরিতে স্থায়ীকরণের তারিখ |
| ১ | জনাব মোঃ শফিকুল ইসলাম<br>সহকারী পরিচালক, পরিচিতি নম্বর ১৯৯ | সহকারী পরিচালক<br>১ নভেম্বর ২০১৭ | ১ নভেম্বর ২০১৭ |

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৩৮.১২(অংশ)-৩৬৮**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৩৫৪৭ লে. কর্নেল রিফ্‌ফাত শাহীদ, পিএসসি, ইঞ্জিনিয়ার্স (বরখাস্ত)-কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট (রুলস্) ১২(১), আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩সি(ii), ২৬১, সংশোধিত আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৬২(৪), আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স)১৬৮(বি), আর্মি অ্যাক্ট সেকশন ১৪৩ এবং কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন-১৯৮১-এর রুল ৯(কে) অনুযায়ী নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে তাঁর বরখাস্তের শাস্তি প্রমার্জন (Remission) করে বরখাস্তের পরিবর্তে ২২ জানুয়ারি ২০১২তারিখ থেকে ভূতাপেক্ষভাবে অকালীন (বাধ্যতামূলক) অবসর প্রদান করা হলো:

(ক) ২২ জানুয়ারি ২০১২ তারিখ থেকে প্রযোজ্য সকল প্রকার সুযোগ-সুবিধাসহ অকালীন (বাধ্যতামূলক) অবসর প্রদান করা ;

(খ) ২২ জানুয়ারি ২০১২ তারিখ থেকে অকালীন (বাধ্যতামূলক) অবসরের আদেশ স্বাক্ষরের তারিখ পর্যন্ত অতিবাহিত সময় চাকরির সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে চাকরি-বহির্ভূত বলে বিবেচিত হবে (Shall be considered as non-qualifying service for benefits) এবং উক্ত সময়ের জন্য তিনি কোন প্রকার বেতন ও ভাতাসহ অন্যান্য সুবিধাদি প্রাপ্ত হবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ওয়াহিদা সুলতানা**
উপসচিব।